দৈনিক ইনকিলাব

পৃষ্ঠা ৩ কলাম ৩

# রাঃ বিঃ ক্যাম্পাসে শিবিরের সমাবেশে পুলিশের বর্বরোচিত হামলা ঃ ২২ ছাত্র গ্রেফতার

**রাঃ বিঃ রিপোর্টার ঃ** গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্র শিবিরের শান্তিপূর্ণ সমাবেশের উপর পুলিশ অতর্কিতে বর্বরোচিত কায়দায় হামলা চালিয়েছে। এতে সমাবেশটি ছত্রভঙ্গ হয়ে যায়। পরে পুলিশ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীতে হানা দিয়ে সেখানে অধ্যয়নরত অন্তত ২২ জন ছাত্রকে গ্রেফতার করে। গ্রেফতারকৃতদের মধ্যে ১৫/১৬ জন সাধারণ ছাত্র বলে জানা গেছে।

ছাত্র শিবির গতকাল তাদের ১৫ জন নেতা-কর্মীকে ষড়যন্ত্রমূলকভাবে বহিষ্কার প্রচেষ্টার প্রতিবাদে ক্যাম্পাসে বিশাল এক প্রতিবাদ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে সমাবেশে মিলিত হয়। সমাবেশ শুরুর সাথে সাথে পুলিশ বর্বরোচিত কায়দায় হামলা চালায়। এ সময় শিবির নেতা-কর্মীরা ছত্রভঙ্গ হয়ে সাধারণ ছাত্ররাও দিগ্বিদিক ছুটোছুটি শুরু করে। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের অতীতের সকল রেকর্ড ভঙ্গ করে এই প্রথমবারের মত পুলিশ হানা দেয়। লাইব্রেরীর পবিত্রতাকে ম্লান করে সেখানে অধ্যয়নরত সাধারণ ছাত্রসহ ২২ জনকে তল্লাশি চালিয়ে গ্রেফতার করে। পুলিশ লাইব্রেরীতে মহিলা টয়লেট রুমের দরজা ভেঙ্গে ফেলে। এ সময় ২ জন ছাত্রী পুলিশ কর্তৃক লাঞ্ছিত হয় বলে অভিযোগ পাওয়া গেছে। শেষের দিকে ঐ ছাত্রী দু'জন কাঁদো কাঁদো অবস্থায় লাইব্রেরী থেকে বের হবার সময় বলতে থাকে 'ওরা মানুষ নয়, পুলিশ। ওদের মা ভগ্নি নেই।'

পুলিশ একে একে লাইব্রেরী থেকে শিবির কর্মীসহ সাধারণ ও নিরীহ ছাত্রদের শার্টের কলার ও শার্ট ধরে নীচে নামিয়ে এনে পুলিশ ভ্যানে তুলতে থাকে। এ সময় জাতীয়তাবাদী ছাত্রদল সাধারণ ছাত্রদের গ্রেফতারের সময় পুলিশ ভ্যান ঘেরাও করে তিনজন ছাত্রকে ছাড়িয়ে নিয়ে যায়। এর আগে ছাত্রদল ক্যাম্পাসে পুলিশী সন্ত্রাসের প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলে নেতৃত্ব দেন তাইফুল ইসলাম টিপু, আহমেদ মূঈদ, আনোয়ার হোসেন উজ্জ্বল, কাজীম উদ্দীন প্রমুখ।